রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/১৪ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**এস,আর, ও নং ৩০০-আইন/২০১৮।**—বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৩৯, ধারা ৩০ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই প্রবিধানমালা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (তহবিল পরিচালনা, আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ) প্রবিধানমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এ প্রবিধানমালায়,—

(ক) "আইন" অর্থ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ আইনের ধারা ১৭ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ;

(গ) "তফসিল" অর্থ এই প্রবিধানমালার তফসিল;

(ঘ) "তহবিল" অর্থ প্রবিধি ৩ এ উল্লিখিত বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ পরিচালন তহবিল ও বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ উন্নয়ন তহবিল।

(ঙ) "নির্বাহী বোর্ড" অর্থ ধারা ২ এর দফা (৬) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষের নির্বাহী বোর্ড।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।


মূল্য ঃ টাকা ২৪.০০

৩। তহবিল।—(১) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ তহবিল সুষ্ঠুভাবে পরিচালনার উদ্দেশ্যে নিম্নবর্ণিত দুইটি অংশে বিভক্ত হইবে, যথা :—

(অ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ পরিচালন তহবিল; এবং

(আ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ উন্নয়ন তহবিল।

(২) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ পরিচালন তহবিলে আইনের ধারা ৩০ এর উপ-ধারা (১) এ উল্লিখিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ জমা হইবে।

(৩) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ উন্নয়ন তহবিলে নিম্নবর্ণিত উৎসমূহ হইতে প্রাপ্ত অর্থ জমা হইবে, যথা :—

(ক) অর্থনৈতিক অঞ্চল ডেভেলপারগণের নিকট হইতে আপ-ফ্রন্ট পেমেন্ট হিসাবে প্রাপ্ত অর্থ;

(খ) কর্তৃপক্ষের নিজস্ব ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণাধীন অর্থনৈতিক অঞ্চলের জমি বরাদ্দ বাবদ প্রাপ্ত অর্থ; এবং

(গ) কোনো অর্থ বৎসরে কর্তৃপক্ষের ব্যয় নির্বাহের পর উদ্বৃত্ত অর্থ।

৪। **তহবিলের অর্থ ব্যবহার।**—(১) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ পরিচালন তহবিলের অর্থ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা ও এতদসংশ্লিষ্ট কার্যাদি এবং আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষের আওতাধীন যাবতীয় কার্য সম্পাদনের জন্য ব্যয় করা যাইবে।

(২) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ উন্নয়ন তহবিলের অর্থ অর্থনৈতিক অঞ্চলের জন্য নিম্নবর্ণিত খাতসমূহে ব্যয় করা যাইবে, যথা :—

(ক) ভূমি অধিগ্রহণ;

(খ) ভূমি উন্নয়ন;

(গ) রাস্তা, বীজ, কালভার্ট নির্মাণ;

(ঘ) প্রশাসনিক ও সহায়ক ভবন নির্মাণ;

(ঙ) অফ-সাইট ও অন-সাইট অবকাঠামো নির্মাণ; এবং

(চ) গ্যাস, পানি, বিদ্যুৎ সহ সকল প্রকার ইউটিলিটি নেটওয়ার্ক স্থাপন।

৫। **তহবিলের অর্থ জমা, উত্তোলন, ইত্যাদি।**—(১) নির্বাহী বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী—

(ক) তহবিলের অর্থ এক বা একাধিক তফসিলি ব্যাংকের এক বা একাধিক হিসাবে জমা রাখিতে হইবে; এবং

(খ) তহবিলের অংশবিশেষ স্থায়ী আমানত হিসাবে বা অন্য যে কোনো লাভজনক খাতে জমা রাখা যাইবে এবং উক্তরূপ জমাকৃত অর্থ মেয়াদান্তে বা মেয়াদপূর্তির পূর্বে প্রয়োজনে, উত্তোলন করা যাইবে।

(২) কর্তৃপক্ষ, নির্বাহী বোর্ডের অনুমোদনক্রমে, উহার এক বা একাধিক কর্মকর্তার একক বা যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব খোলা, উক্ত হিসাব হইতে অর্থ উত্তোলন এবং উক্ত হিসাব পরিচালনার জন্য ক্ষমতা অর্পণ করিতে পারিবে।

৬। **আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা।**—(১) আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে তফসিলে বর্ণিত বিধানাবলি প্রযোজ্য হইবে।

(২) কর্তৃপক্ষ, নির্বাহী বোর্ডের অনুমোদনক্রমে, তফসিলে বর্ণিত আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা পুন:নির্ধারণ করিতে পারিবে।

## তফসিল

### আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা

(প্রবিধান ৬ দ্রষ্টব্য)

(ক) উন্নয়ন খাত :

| ক্র.নং | আইটেম | মন্ত্রণালয়ের নিকট অর্পণকৃত ক্ষমতা | নির্বাহী বোর্ড | নির্বাহী চেয়ারম্যান | প্রকল্প পরিচালকের নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক-শ্রেণি * ৩ (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি * ৩ ৫০ কোটি টাকা পর্যন্ত |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | পূর্ত কাজে ক্রয় চুক্তি অনুমোদন | ১০০ কোটি টাকা পর্যন্ত | প্রতিক্ষেত্রে ৩০ কোটি টাকা পর্যন্ত | প্রতিক্ষেত্রে ২৫ কোটি টাকা পর্যন্ত | ২০ কোটি টাকা পর্যন্ত | ১৫ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত |
| ২. | পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয় চুক্তি অনুমোদন | ১০০ কোটি টাকা পর্যন্ত | প্রতিক্ষেত্রে ৩০ কোটি টাকা পর্যন্ত | প্রতিক্ষেত্রে ২০ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত | ৫ কোটি টাকা পর্যন্ত | ৩ কোটি টাকা পর্যন্ত |
| ৩. | বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক) ক্রয় চুক্তি অনুমোদন | ৩০ কোটি টাকা পর্যন্ত | প্রতিক্ষেত্রে ৮ কোটি টাকা পর্যন্ত | প্রতিক্ষেত্রে ৭ কোটি টাকা পর্যন্ত | ৫ কোটি টাকা পর্যন্ত | ৩ কোটি টাকা পর্যন্ত | ১ কোটি টাকা পর্যন্ত |
| ৪. | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(১), বিধি ৮২(১) ও বিধি ৬৯(৬) অনুসরণে | প্রযোজ্য নয় * ২ | প্রযোজ্য নয় * ২ | প্রযোজ্য নয় * ২ | (ক) পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয় : প্রতিক্ষেত্রে এককালীন ৫ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৩০ লক্ষ টাকা।<br>(খ) কার্য ও ভৌত সেবা ক্রয় : প্রতিক্ষেত্রে এককালীন ১০ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৬০ লক্ষ টাকা।<br>(গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয় : ২০ লক্ষ টাকা পর্যন্ত। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ৫. | টেন্ডার বিজ্ঞাপন ব্যতীত সরাসরি ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৮১(১), বিধি ৮২ (১) ও বিধি ৭৬(১)(ট) অনুসরণে | প্রযোজ্য নয় * ২ | প্রযোজ নয় * ২ | প্রযোজ্য নয় * ২ | (ক) স্বল্পমূল্যের পণ্য/যন্ত্রপাতি : প্রতিক্ষেত্রে এককালীন ২৫ হাজার টাকা তবে বছরে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা।<br>(খ) ভৌত সেবা : প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত তবে ক্রয়কারী কার্যালয় প্রদানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা।<br>(গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ : প্রতিক্ষেত্রে ৩ লক্ষ টাকা পর্যন্ত।<br>(ঘ) জরুরী পরিস্থিতিতে, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোতাবেলায় অতিজরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয় : প্রতিক্ষেত্রে ৫০ লক্ষ টাকা তবে বিশেষ ক্ষেত্র মন্ত্রণালয়/বিভাগের সচিবের অনুমোদক্রমে সর্বোচ্চ ৫ কোটি টাকা। | | |
| ৬. | তালিকাভুক্ত সরবরাহকারী/ঠিকাদারের নিকট থেকে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির মাধ্যমে ক্রয় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর ৬৩(২) অনুসরণে | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) পণ্যঃ অনধিক ২৫.০০ লক্ষ টাকা<br>খ) কার্য: অনধিক ২.০০ কোটি টাকা<br>নোট: (১) অনুমোদিত ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকিতে হইবে।<br>(২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে অন্তর্ভুক্ত থাকিতে হইবে।<br>(৩) পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করিতে হইবে। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ৭. | একক উৎস ভিত্তিক পরামর্শক নির্ধারণ পিপিআর-২০০৮ এর ১০৪(ঘ)(২)(আ) অনুসরণে | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) ব্যক্তি ১০.০০ লক্ষ টাকা<br>খ) ফার্ম ২০.০০ লক্ষ টাকা | | |

নোট: ১. গণখাতে স্বায়ত্তশাসিত (নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে) সংস্থাসমূহের পূর্তকাজ ও ভৌত সেবা অনুমোদন এবং পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ১০০ কোটি টাকার উর্ধ্বে এবং বুদ্ধিভিত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ৩০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করিতে হইবে;

২. সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৬, ৭ অথবা ৮ অনুসরণ করিতে হইবে;

৩. বোর্ড অব ডাইরেক্টরস/সংস্থা নির্বাহী প্রধান প্রয়োজন বোধে তাহাদের স্ব স্ব সংস্থায় কর্মরত কর্মকর্তাদেরকে জাতীয় বেতন স্কেলের গ্রেড অনুসরণেও এ আর্থিক ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

**(ক) অনুন্নয়ন খাত :**

| ক্র. | আইটেম | মন্ত্রণালয়ের নিকট অর্পণকৃত ক্ষমতা | নির্বাহী বোর্ড | নির্বাহী চেয়ারম্যান | নির্বাহী সদস্য | মহা-ব্যবস্থাপক |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | বাজেট বরাদ্দের পুনঃউপযোজন | নিম্নোক্ত শর্ত সাপেক্ষে পুনঃউপযোজন করা যাইবে;<br><br>ক. মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত নির্বাহী প্রধান নিম্নোক্ত ক্ষেত্রে পুনঃউপযোজন অনুমোদন করিতে পারিবেন :<br>১. একই মঞ্জুরী অন্তর্ভুক্ত ব্যয়ের ক্ষেত্রে কোন আবর্তক দায় গ্রহণের সংশ্লিষ্টতা না থাকিলে এক অপারেটিং ইউনিট হইতে অন্য অপারেটিং ইউনিটে পুনঃউপযোজন;<br>২. এক দায়যুক্ত ব্যয় হইতে অপর দায়যুক্ত ব্যয়ের ক্ষেত্রে এক অপারেটিং ইউনিট হইতে অন্য অপারেটিং ইউনিটে পুনঃউপযোজন;<br>৩. বরাদ্দকৃত অর্থের মধ্যে পুনঃউপযোজন সীমিত রাখিতে হইবে;<br>খ. নিম্নোক্ত ক্ষেত্রসমূহে কোন পুনঃউপযোজন করা যাইবে না :<br>১. এক মঞ্জুরি থেকে অন্য মঞ্জুরিতে;<br>২. রাজস্ব ব্যয় থেকে মূলধন ব্যয় অথবা মূলধন ব্যয় থেকে রাজস্ব ব্যয়;<br>৩. অর্থনৈতিক কোডের বেতন ও ভাতা শ্রেণি হইতে অন্য অর্থনৈতিক শ্রেণিতে;<br>৪. দায়যুক্ত ব্যয় হইতে দায়যুক্ত নয় এমন ব্যয়ে; | | একই অর্থনৈতিক কোড রেঞ্জের মধ্যে পুনঃউপযোজন করা যাইবে। তবে শর্ত থাকে যে,<br>(ক) বেতন কোড হইতে বেতন কোড ব্যতীত অন্য কোন কোডে পুনঃউপযোজন করা যাইবে না;<br>(খ) বরাদ্দকৃত অর্থের মধ্যে পুনঃউপযোজন সীমিত রাখিতে হইবে;<br>(গ) পরবর্তী অর্থবছরে একই ব্যয়ের পুনরাবৃত্তির সম্ভাবনা রহিয়াছে এমন কোন ক্ষেত্রে পুনঃউপযোজন করা যাইবে না। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ১. | বাজেট বরাদ্দের পুনঃউপযোজন | গ. একই অর্থনৈতিক কোড রেঞ্জের মধ্যে পুনঃউপযোজন করা যাইবে, তবে শর্ত থাকে যে,<br>১. বেতন কোড হইতে অন্য কোডে পুনঃউপযোজন করা যাইবে না;<br>২. বরাদ্দকৃত অর্থের মধ্যে পুনঃউপযোজন করা যাইবে না;<br>৩. পরবর্তী অর্থবছরে একই ব্যয়ের পুনরাবৃত্তির সম্ভাবনা রহিয়াছে এমন কোন ক্ষেত্রে পুনঃউপযোজন করা যাইবে না;<br>৪. দায়যুক্ত ব্যয় হইতে দায়যুক্ত নয় এমন ব্যয়ে পুনঃউপযোজন করা যাইবে না;<br>৫. অর্থবছর শেষ হইবার পর পুনঃউপযোজন করা যাইবে না;<br>৬. যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়নি এমন আইটেমের বিপরীতে পুনঃউপযোজন করা যাইবে না। | | | | |

**(খ) অনুন্নয়ন খাতঃ**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২. | ক. পূর্তকাজের ক্রয়চুক্তি অনুমোদন | ১০০ কোটি টাকা পর্যন্ত | প্রতিক্ষেত্রে ৩০ কোটি টাকা পর্যন্ত | প্রতিক্ষেত্রে ১৬ কোটি টাকা পর্যন্ত | ০৬ কোটি টাকা পর্যন্ত | ০৩ কোটি টাকা পর্যন্ত |
| | খ. পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয় চুক্তি অনুমোদন | ৫০ কোটি টাকা পর্যন্ত | প্রতিক্ষেত্রে ৩০ কোটি টাকা পর্যন্ত | প্রতিক্ষেত্রে ০৮ কোটি টাকা পর্যন্ত | ০৫ কোটি টাকা পর্যন্ত | ০২ কোটি টাকা পর্যন্ত |
| | গ. বুদ্ধি বৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক) ক্রয় চুক্তি অনুমোদন | ২০ কোটি টাকা পর্যন্ত | প্রতিক্ষেত্রে ০৮ কোটি টাকা পর্যন্ত | প্রতিক্ষেত্রে ০২ কোটি টাকা পর্যন্ত | ৫০ কোটি টাকা পর্যন্ত | ....... |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| | ঘ. ক্যাটারিং সেবা, এম্বুলেন্স সেবা পরিবহন সেবা, অনুষ্ঠান ব্যবস্থাপনা, মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ, প্লাম্বিং সেবা, কাঠের কাজ সংক্রান্ত সেবা, স্থাপত্য সেবা ইত্যাদি | ... | বিদ্যমান বিধি-বিধান ও বাজেট বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | বিদ্যমান বিধি-বিধান ও বাজেট বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | ... | ... |
| ৩. | সরবরাহ ও সেবার আওতাধীন (অর্থনৈতিক কোড ৪৮০১-৪৮৯৯ এর আওতায়) আইটেম ক্রয়/ব্যয় মঞ্জুরী অনুমোদন। | ... | ... | ... | ... | ... |
| | ক. কোন আইটেমে সুনির্দিষ্ট বরাদ্দ থাকিলে (অর্থনৈতিক কোড ৪৮৭৪ এবং ৪নং অনুচ্ছেদে বর্ণিত বিষয়সমূহ ব্যতীত) | .... | ... | নিম্নরূপ শর্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতা:<br>১. অনুমোদিত বার্ষিক বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকিতে হইবে।<br>২. পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করিতে হইবে। | ... | ... |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| | খ. কোন আইটেমে সুনির্দিষ্ট বরাদ্দ না থাকিলে (অর্থনৈতিক কোড ৪৮৭৪ এবং ৪নং অনুচ্ছেদে বর্ণিত বিষয়সমূহ ব্যতীত) | ... | নিম্নরূপ শর্ত সাপেক্ষে পূর্ণ ক্ষমতা:<br>১. উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকিতে হইবে।<br>২. পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করিতে হইবে। | ... | ... | ... |
| ৪. | **কর্তৃপক্ষের সম্পত্তির নিষ্পত্তি :** | | | | | |
| | ক. ব্যবহারের অযোগ্য/পরিত্যক্ত ভবন বিক্রয়/ভাঙ্গিয়া ফেলা/ধ্বংস করা। | ... | প্রকাশ্য নিলাম/ টেন্ডার/কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা | ... | ... | ... |
| | খ. সম্পত্তি ব্যবহারের অযোগ্য ঘোষণা। | ... | ... | প্রচলিত বিধিবিধান পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | ... | ... |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| | গ. ব্যবহারের অযোগ্য দ্রব্য সামগ্রী বিক্রয়। | ... | ... | প্রকাশ্য নিলাম/টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | | |
| | ঘ. কর্তৃপক্ষের ভূমি ইজারা। | ... | পূর্ণ ক্ষমতা | ... | ... | ... |
| | ঙ. ক্যান্টিন ইজারা। | ... | ... | ১ (এক) বৎসরের জন্য প্রকাশ্য নিলাম/নিলাম/ টেন্ডার/ কোটেশনের শর্তে পূর্ণ ক্ষমতা। | ... | ... |
| | চ. অন্যান্য ভাড়া/ইজারা আদায় | ... | ... | ... | ... | পূর্ণ ক্ষমতা। |
| ৫. | জালিয়াতি/গাফিলতি, অথবা অন্যান্য কারণে ভান্ডার বা কর্তৃপক্ষের অর্থের অনাদেয় মূল্য অবলোপন | ... | নির্ধারিত শর্ত সাপেক্ষে প্রতিটি কেইসে ৫ লক্ষ টাকা উর্ধ্বে হলে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করিতে হইবে। | নির্ধারিত শর্ত সাপেক্ষে প্রতিটি কেইসে ৫০ হাজার টাকা পর্যন্ত । | ... | ... |
| ৬. | আপিল দাখিলের প্রস্তাবনা নাই এইরূপ ক্ষেত্রে আদালতের রায়/আদেশ অথবা প্রচলিত বিধি অনুযায়ী অর্থ প্রত্যার্পণ আদেশ প্রদানের ক্ষমতা | ... | নির্ধারিত বিধিমালা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা | .... | ... | .... |
| ৭ | মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসনের অধীন আইটেমসমূহের ব্যয় মঞ্জুরি : | ... | ... | ... | ... | ... |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| | ক. যানবাহন মেরামত | ... | ... | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | ৩০,০০০/- | ২০,০০০/- |
| | খ. জলযান মেরামত | ... | ... | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | ৩০,০০০/- | ২০,০০০/- |
| | গ. যন্ত্রপাতি, ইকুইপমেন্ট, অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র মেরামত। | ... | ... | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | ৩০,০০০/- | ২০,০০০/- |
| | ঘ. মটরসাইকেল মেরামত। | ... | ... | ... | ... | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। |
| | ঙ. ভাড়া করা/রিকুইজিশন করা ভবন মেরামত। | ... | ... | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | ৫০,০০০/- | ৩০,০০০/- |
| ৮. | সাহায্য, মঞ্জুরি অধীন আইটেমসমূহের ব্যয় মঞ্জুরি: | ... | ... | ... | ... | ... |
| | ক. বৃত্তি প্রদান | ... | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | ... | ... | ... |
| | খ. অনুদান মঞ্জুরি (Grant-in-Aid) | ... | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | ১ লক্ষ টাকা পর্যন্ত | ... | ... |
| ৯. | কোন পদে টাইমস্কেলে নিয়োগপ্রাপ্ত অফিসিয়েটিং কর্তৃপক্ষের নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীর প্রারম্ভিক বেতন নির্ধারণ। | --- | শূন্য | | পূর্ণ ক্ষমতা | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ১০. | বিভাগীয় পরীক্ষা সংশ্লিষ্ট কাজের জন্য বিধি অনুসারে কর্তৃপক্ষের নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীকে সম্মানী প্রদান। | --- | --- | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | --- | --- |
| ১১. | ফি সংশ্লিষ্ট কাজে নিযুক্তির মঞ্জুরি | --- | পূর্ণ ক্ষমতা। কোন একক ক্ষেত্রে ৩০০০ টাকা এবং বছরে ৬০০০ টাকার অধিক হইবে না। | --- | --- | --- |
| ১২. | ভ্রমণ ভাতা বিল দাখিলের নির্ধারিত সময়সীমা শিথিল। | --- | --- | পূর্ণ ক্ষমতা। তবে অগ্রিম দেয়া হইলে ভ্রমণের ১২ (বারো) মাসের মধ্যে অগ্রিম সমন্বয় করিতে হইবে নতুবা অগ্রিম আদায়যোগ্য। | গ্রেড ১০ এর ক্ষেত্রে ৫নং কলামে উল্লিখিত শর্তাবলী পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | গ্রেড ১১-২০ এর ক্ষেত্রে ৫নং কলামে উল্লিখিত শর্তাবলী পালন সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। |
| ১৩. | বাসস্থানের অভাব, ছেলে- মেয়েদের লেখা-পড়া, চিকিৎসাগত অথবা মানবিক কারণে বদলিকৃত স্থানে বদলির ৬ (ছয়) মাসের মধ্যে যোগদান করিতে না পারিলে সেই ক্ষেত্রে ভ্রমণ ভাতা বিল দাখিলের সময়সীমা শিথিল। | --- | --- | অনূর্ধ্ব ১ (এক) বৎসর। তবে শর্ত থাকে যে, (১) বাসস্থানের অভাব, ছেলে- মেয়েদের লেখা-পড়া, চিকিৎসাগত অথবা মানসিক কারণে পরিবারকে স্থানান্তর করিতে অসমর্থ হইলে, (২) অগ্রিম উত্তোলনের ৬ (ছয়) মাসের মধ্যে ফেরত প্রদান করিলে পূর্ণক্ষমতা। | --- | --- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ১৪. | বদলিকৃত কর্মকর্তা/কর্মচারীর বদলিকৃত কর্মস্থলে পরিবারের কোন সদস্যের যোগদানের সময়সীমা ১ (এক) মাস শিথিল। | --- | | পূর্ণ ক্ষমতা | --- | --- |
| ১৫. | সরকার/কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিশন/কমিটির বেসরকারি সদস্য ও বিদেশি বিশেষজ্ঞদের ভ্রমণ ভাতা এবং দৈনিক ভাতার মঞ্জুরি। | --- | পূর্ণ ক্ষমতা | --- | --- | --- |
| ১৬. | যোগাযোগ ব্যবস্থার বিচ্ছিন্নতার কারণে কোথাও অবস্থানে বাধ্য হইলে সেই ক্ষেত্রে দৈনিক ভাতা মঞ্জুরি। | --- | --- | পূর্ণ ক্ষমতা | --- | --- |
| ১৭. | নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কর্মকর্তা/কর্মচারীকে অনূর্ধ্ব ১ (এক) বৎসরের অসাধারণ ছুটির মঞ্জুরি। | --- | --- | স্বীয় ব্যতীত পূর্ণ ক্ষমতা | --- | --- |
| ১৮. | চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীর ছুটি মঞ্জুরি। | --- | --- | স্বীয় ব্যতীত পূর্ণ ক্ষমতা | ৫ (পাঁচ) দিন পর্যন্ত | ৩ (তিন) দিন পর্যন্ত |
| ১৯. | বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুরি | --- | পূর্ণ ক্ষমতা | | | |
| ২০. | বিভিন্ন প্রকার ভবিষ্য তহবিল (Provident Fund) হইতে কর্মকর্তা/ কর্মচারীকে অগ্রিম মঞ্জুরি। | --- | --- | পূর্ণ ক্ষমতা। তবে এই ক্ষেত্রে প্রচলিত বিধি বিধান ও আদেশ/নির্দেশ পালন করিতে হইবে। | গ্রেড ৪ পর্যন্ত পূর্ণ ক্ষমতা। | গ্রেড ৬ পর্যন্ত পূর্ণ ক্ষমতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ২১. | নির্দিষ্ট সময় পর্যন্ত ভবিষ্য তহবিল হইতে উত্তোলিত অগ্রিম আদায় স্থগিতের অনুমতি। | --- | --- | স্বীয় ব্যতীত অনূর্ধ্ব ২ (দুই) বৎসরের জন্য ১টি মাত্র অগ্রিম আদায় স্থগিতের ক্ষমতা। | গ্রেড ১০—২০ এর ক্ষেত্রে অনূর্ধ্ব ২ (দুই) বৎসরের জন্য ১টি মাত্র অগ্রিম আদায় স্থগিতের পূর্ণ ক্ষমতা। | --- |
| ২২. | যানবাহন ক্রয় অগ্রিম উত্তোলনের ১(এক) মাসের মধ্যে যানবাহন ক্রয়ের সময়সীমা শিথিল। | --- | অনূর্ধ্ব ৪ (চার) মাস পর্যন্ত সময়সীমা বৃদ্ধির পূর্ণ ক্ষমতা। | --- | --- | --- |
| ২৩. | মৃত কর্মকর্তা/কর্মচারীর পরিবারের সদস্যদেরকে উত্তরাধিকার সনদপত্র এবং অপ্রাপ্তবয়স্ক উত্তরাধিকারীর ক্ষেত্রে অভিভাবকত্বের সনদপত্র দাখিল সাপেক্ষে ভবিষ্যৎ তহবিলের চূড়ান্ত অর্থ প্রদানের ক্ষমতা অর্পণ। | --- | | পূর্ণ ক্ষমতা | --- | --- |
| ২৪. | বৈধ উত্তরাধিকারী নির্ধারণ | --- | --- | প্রচলিত বিধি বিধান অনুসরণে পূর্ণ ক্ষমতা। | --- | --- |
| ২৫. | চাকরির ধারাবাহিকতার ঘাটতি প্রমার্জন | --- | শূন্য | শূন্য | --- | --- |
| ২৬. | পেনশনের জন্য চাকরির ঘাটতি প্রমার্জন | --- | সর্বোচ্চ ৬ (ছয়) মাস পর্যন্ত পূর্ণ ক্ষমতা। | | --- | --- |
| ২৭. | বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত আর্থিক মঞ্জুরি | --- | | বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। | --- | --- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ২৮. | স্থায়ী/অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীকে ঋণ/অগ্রিম প্রদান। | --- | বাজেটে বরাদ্দ থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। তবে শর্ত থাকে যে, প্রযোজ্য বিধি বিধান ও আদেশ/ নির্দেশ অবশ্যই পালন করিতে হইবে। | ১০ লক্ষ টাকা পর্যন্ত; বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে। তবে প্রচলিত বিধি বিধান অনুসরণ করিতে হইবে। | --- | --- |
| ২৯. | একই সাথে একাধিক পদে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীকে দায়িত্ব ভাতা মঞ্জুরি। | --- | --- | পূর্ণ ক্ষমতা | --- | --- |
| ৩০. | পেনশন-মঞ্জুরি | --- | --- | স্বীয় ব্যতীত পূর্ণ ক্ষমতা। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর নিয়োগকারী কর্তৃপক্ষ হইতে হইবে। | --- | --- |
| ৩১. | পেনশনের বিনিময় মূল্য পরিশোধ (Commutation of Pension) | --- | --- | পূর্ণ ক্ষমতা। তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর পেনশন মঞ্জুরির ক্ষমতা প্রাপ্ত হইতে হইবে এবং সরকারি নিয়ম অনুসরণ করিতে হইবে। | --- | --- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ৩২. | দায়িত্ব পালনের কারণে উদ্ভূত/দায়েরকৃত দেওয়ানী/ ফৌজদারী অভিযোগের বিষয়ে জবাব প্রদানে বাধ্য হইলে এই ক্ষেত্রে ভ্রমণ ভাতা মঞ্জুরি। | --- | --- | পূর্ণ ক্ষমতা | --- | --- |
| ৩৩. | সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মকর্তা/কর্মচারীর বিভাগীয় তদন্তে উপস্থিত হইবার প্রয়োজন হইলে এইক্ষেত্রে ভ্রমণ বাতা মঞ্জুরি। | --- | --- | পূর্ণ ক্ষমতা | গ্রেড ১১-২০ এর ক্ষেত্রে পূর্ণ ক্ষমতা। | --- |
| ৩৪. | ভ্রমণকালে দৈনিক ভাতা প্রদানের ক্ষেত্রে বিধি অনুসারে ধারাবাহিকভাবে ১০ (দশ) দিন অবস্থানের সময়সীমা হইতে অব্যাহতি প্রদান। | --- | --- | পূর্ণ ক্ষমতা | গ্রেড ১০-২০ পর্যন্ত পূর্ণ ক্ষমতা। | --- |
| ৩৫. | অসুস্থতাজনিত কারণে মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত রিপোর্ট প্রাপ্তির পর কর্মকর্তা/কর্মচারীর ছুটি মঞ্জুরি। | --- | --- | পূর্ণ ক্ষমতা | গ্রেড ১০-১৫ পর্যন্ত পূর্ণ ক্ষমতা। | গ্রেড ১৬-২০ পর্যন্ত পূর্ণ ক্ষমতা। |
| ৩৬. | চিকিৎসক কর্তৃক প্রদত্ত উপর্যুক্ততা সনদপত্র (Certificate of Fitness) গ্রহণ। | --- | --- | পূর্ণ ক্ষমতা | গ্রেড ১০-১৫ পর্যন্ত পূর্ণ ক্ষমতা। | গ্রেড ১৬-২০ পর্যন্ত পূর্ণ ক্ষমতা। |
| ৩৭. | ভ্রমণ ব্যয় ও অগ্রিম মঞ্জুরি। | --- | --- | পূর্ণ ক্ষমতা | গ্রেড ১০-১৫ পর্যন্ত পূর্ণ ক্ষমতা। | গ্রেড ১৬-২০ পর্যন্ত পূর্ণ ক্ষমতা। |
| ৩৮. | সভা/কনফারেন্স/প্রশিক্ষণ কোর্স এবং বোর্ড কমিটি/কমিশন ইত্যাদির সভায় আপ্যায়ন ব্যয়। | --- | --- | নির্বাহী বোর্ড সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক পূর্ণ ক্ষমতা। | --- | --- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ৩৯. | টেন্ডার কোটেশন ব্যতীত সরাসরি (DPM) ক্রয় চুক্তি অনুমোদন | --- | --- | --- | --- | --- |
| | ক. প্রাকৃতিক দুর্যোগ হইতে উদ্ভুত কোন জরুরি পরিস্থিতি বা অনুরূপ সংকট মোকাবেলায় পণ্য, কার্য ও সেবা ক্রয়। | --- | --- | প্রতিক্ষেত্রে ৫০ লক্ষ টাকা তবে বিশেষ ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৫ কোটি টাকা | --- | --- |
| | খ. ক্যাটারিং সেবা, এম্বুলেন্স সেবা, পরিবহন সেবা, অনুষ্ঠান ব্যবস্থাপনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, প্লাম্বিং সেবা, কাঠের কাজ সংক্রান্ত সেবা, স্থাপত্য সেবা ইত্যাদি। | --- | --- | পূর্ণ ক্ষমতা | --- | --- |
| | গ. সরাসরি নগদ ক্রয় (Cash purchase) | --- | --- | (ক) স্বল্পমূল্যের পণ্য/যন্ত্রপাতি: একক ক্ষেত্রে ২৫ হাজার টাকা তবে বছরে সর্বোচ্চ ৪০ লক্ষ টাকা।<br>(খ) ভৌত সেবা: প্রতিক্ষেত্রে এককালীন ১ লক্ষ টাকা পর্যন্ত। | প্রতিক্ষেত্রে ১৫ হাজার টাকা পর্যন্ত। | প্রতিক্ষেত্রে ১০ হাজার টাকা পর্যন্ত। |
| | ঘ. ফোর্স একাউন্ট (মজুরির বিনিময়ে সরাসরি শ্রমিক নিয়োগ) | --- | --- | প্রতিটি ক্ষেত্রে অনধিক ৩ লক্ষ টাকা। | --- | --- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| | | | | উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন ও প্রতিযোগিতামূলক পদ্ধতি এড়াইবার জন্য মোট ব্যয়ের বিভাজন করা যাইবেনা। | --- | --- |
| ৪০. | কোটেশনের (RFQ) মাধ্যমে ক্রয় অনুমোদন<br>ক. পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয় | -- | -- | দেশের অভ্যন্তরে প্রতিক্ষেত্রে এককালীন ৫ লক্ষ টাকা। বার্ষিক সীমা সর্বোচ্চ ৮০ লক্ষ টাকা। | প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা। | প্রতিক্ষেত্রে ১ লক্ষ টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা। |
| | খ. পূর্তকার্য ও ভৌত সেবা | -- | -- | প্রতিক্ষেত্রে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা। বার্ষিক সীমা সর্বোচ্চ ১ কোটি ৬০ লক্ষ টাকা। | প্রতিক্ষেত্রে ২ লক্ষ টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা। | প্রতিক্ষেত্রে ১ লক্ষ টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা। |
| ৪১. | সীমিত দরপত্রের (LTM) মাধ্যমে তালিকাভুক্ত দর দাতাদের কাছ থেকে ক্রয় | -- | -- | (ক) পণ্য: অনধিক ২৫ লক্ষ টাকা<br>(খ) কার্য: অনধিক ২ কোটি টাকা | -- | -- |
| | ক. পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং একক সেবাদানমূলক চুক্তি | -- | -- | অনধিক ২৫ লক্ষ টাকা | -- | -- |
| | খ. কার্য ও ভৌত সেবা | -- | -- | অনধিক ২ কোটি টাকা | -- | -- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ৪২. | বেতন ও ভাতাদি নির্ধারণ | -- | -- | প্রচলিত বিধি বিধান অনুসারে পূর্ণ ক্ষমতা। | -- | |
| ৪৩. | অধিক হারে প্রারম্ভিক বেতন প্রদান | -- | প্রচলিত বিধি বিধান অনুসরণে পূর্ণ ক্ষমতা। | -- | -- | |
| ৪৪. | বাৎসরিক বেতন বৃদ্ধি অনুমোদন | -- | -- | -- | -- | প্রচলিত বিধি বিধান অনুসরণে পূর্ণ ক্ষমতা। |
| ৪৫. | বিশেষ বেতন বৃদ্ধি ও অনুমোদন | -- | প্রচলিত বিধি বিধান অনুসারে পূর্ণ ক্ষমতা। | -- | -- | -- |
| ৪৬. | আনুতোষিক অনুমোদন | -- | -- | প্রচলিত বিধি বিধান অনুসারে পূর্ণ ক্ষমতা। | -- | -- |
| ৪৭. | টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান | -- | প্রচলিত বিধি বিধান অনুসরণে পূর্ণ ক্ষমতা। | -- | -- | -- |
| ৪৮. | ছুটি নগদায়ন | -- | -- | প্রচলিত বিধি বিধান অনুসারে পূর্ণ ক্ষমতা। | -- | -- |
| ৪৯. | একক উৎসভিত্তিক পরামর্শক নির্ধারণ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর ১০৪(ঘ)(২)(আ) অনুসরণে | ক) ব্যক্তি ১০.০০ লক্ষ টাকা<br>খ) ফার্ম ২০.০০ লক্ষ টাকা | ক) ব্যক্তি ১০.০০ লক্ষ টাকা<br>খ) ফার্ম ২০.০০ লক্ষ টাকা | ক) ব্যক্তি ১০.০০ লক্ষ টাকা<br>খ) ফার্ম ২০.০০ লক্ষ টাকা | | |

নোট : ১. গণখাতে স্বায়ত্তশাসিত (নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে) সংস্থাসমূহের পূর্তকাজ ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ১০০ (একশত) কোটি টাকার ঊর্ধ্বে, পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার ঊর্ধ্বে এবং বুদ্ধিভিত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ২০ (বিশ) কোটি টাকার ঊর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করিতে হইবে;

২. সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৫ অথবা ৬ অনুসরণ করিতে হইবে ;

৩. জাতীয় বেতন স্কেলের পঞ্চম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ এই আর্থিক ক্ষমতা ব্যবহার করিতে পারিবেন। পঞ্চম গ্রেডের নিম্নের আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণকে এ আর্থিক সীমার ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য তাহাদের নিয়ন্ত্রণকারী পঞ্চম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের নিকট উপস্থাপন করিতে হইবে।

রাষ্ট্রপতির অনুমতিক্রমে

**মোঃ জিয়াউল হক**
পরিচালক-১।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd